

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০০৬.২০১৬- ১২০৭৫

তারিখ : ১৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর এর বিরুদ্ধে দায়েরকৃত (১) জি আর নং-২৭/২০১৩, ধারা ২০০২ সালের আইন শৃংখলা বিয়্যকারী অপরাধ (দ্রুত বিচার) আইনের ৪/৫ (২) জি আর নং-২৯/২০১৩, ধারা-১৪৩/৩৪১/৩২৩/৩২৫/৩৪ দণ্ডবিধি এবং (৩) জি আর নং-২৯/২০১৩(ক), ধারা বিস্ফোরক উপাদানাবলী আইন ১৯০৮ এর ৩/৫/৬ এর অভিযোগপত্রসমূহ বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর এর বিরুদ্ধে গত ০৫ ফেব্রুয়ারি ২০১৩ তারিখ ভোর ১১.৩০ ঘটিকায় নবাবগঞ্জ উপজেলার নবাবগঞ্জ মহিলা কলেজ মোড় নামক স্থানে তিনি ও অন্যান্য আসামীগণ জমায়েত হয়ে পথচারীদের মারপিট ও ককটেল বিস্ফোরন ঘটিয়ে জনমনে আতঙ্ক সৃষ্টি এবং হাত বোমা ফাটিয়ে কর্তব্যরত আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যদের আহত করার অভিযোগ রয়েছে। উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩খ(১) অনুসারে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ নুরে আলম সিদ্দিকীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. M. Min
29/10/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬.০২৭.০০.০০.০০৬.২০১৬- ১২০৬/১৩৭১

তারিখ : ১৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
- ৯। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধসহ)।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
- ১২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, দিনাজপুর/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। জনাব মোঃ নুরে আলম সিদ্দিকী, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।

J. M. Min
29/10/2017
(ড. জুলিয়া মঈন)
উপসচিব